

৪১তম বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্ন

বিষয়: বাংলা

বিষয় কোড: ০০১ ও ০০২

পূর্ণমান: ২০০

নির্ধারিত সময়: ৪ ঘণ্টা

[**দ্রষ্টব্য:** বাংলা ভাষায় উত্তর দিতে হবে। প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

বিষয় কোড: ০০১

০১। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন:-

৬ × ৫ = ৩০

ক) নিচের প্রতিটি উপসর্গযোগের দুটি করে শব্দগঠন করুন:

অনা, আ, পরা, অব, নির, বি

খ) বাংলা একাডেমি প্রণীত ‘প্রমিত বাংলা বানানের নিয়ম’ অনুসারে তৎসম শব্দের বানানের সূত্রসমূহ দৃষ্টান্ত সহ লিখুন।

গ) নিচের বাক্যগুলো শুদ্ধ করে লিখুন:

১) গাছটি সমূলসহ উৎপাটন হয়েছে।

২) ষষ্টদশতম প্রতিযোগিতায় সে পুরস্কৃত হয়েছে।

৩) আবশ্যকীয় ব্যয়ে কার্পণ্যতা অনুচিত।

৪) কেবলমাত্র তার বৈমাত্রের সহোদর উপস্থিত ছিল।

৫) দূরাকাঙ্ক্ষা সর্বদা পরিত্যক্ত।

৬) পরবর্তীতে এলে তার অপমান হওয়ার সম্ভাবনা আছে।

ঘ) নিচের বাগধারা ও প্রবাদ-প্রবচন গুলো ব্যবহার করে অর্থপূর্ণ বাক্যগঠন করুন:

জড়ভরত; হাড়হুদ; ডাকাবুকো; সাত ঘাটের কানাকড়ি; উনা ভাতে দুনা বল; বাঁশের চেয়ে কঞ্চি বড়

ঙ) পাশে প্রদত্ত নির্দেশ অনুসারে বাক্যগুলো রূপান্তর করুন:

(১) যা করবার তা করেছি। (সরল বাক্য)

(২) আমৃত্যু এ কথা মনে রাখব। (জটিল বাক্য)

(৩) কথক অসুস্থতার জন্য অনুপস্থিত। (যৌগিক বাক্য)

(৪) কেউ অন্ধের দুঃখ বুঝলো না। (প্রশ্নবাচক বাক্য)

(৫) মাতৃভূমিকে সবাই ভালোবাসে। (নেতিবাচক বাক্য)

(৬) পাখিটি খুবই সুন্দর। (বিস্ময়বাচক বাক্য)

০২। ভাব-সম্প্রসারণ করুন:-

২০

ক) জন্ম হোক যথা তথা, কর্ম হোক ভালো।

অথবা,

খ) মানুষের চেয়ে বড় কিছু নাই, নাহি কিছু মহীয়ান!

০৩। সারমর্ম লিখুন:-

২০

ক) তোমাতে রয়েছে সকল কেতাব সকল কালের জ্ঞান,

সকল শাস্ত্র খুঁজে পাবে সখা খুলে দেখ নিজ প্রাণ!

তোমাতে রয়েছে সকল ধর্ম, সকল যুগাবতার,

তোমার হৃষয় বিশ্ব-দেউল সকল দেবতার।

কেন খুঁজে ফের' দেবতা ঠাকুর মৃত পুঁথি -কঙ্কালে?

হাসিছেন তিনি অমৃত-হিয়ার নিভৃত অন্তরালে!

অথবা,

খ) জীবনের একটা প্রত্যক্ষ মূল্যবান উপকরণ হলো হাসি ও আনন্দ। প্রত্যেক কাজে যার আনন্দ তার চেয়ে সুখী আর কেউ নয়। জীবনে যে পুরোপুরি আনন্দ পেতে জানে আমরা তাকে দেখে বিস্মিত হই। কারণ নিত্যকার কাজের ভেতর সে এমন একটা কিছু সন্ধান পেয়েছে যা তার নিজের জীবনকে সুন্দর ও শোভন করেছে এবং পরিপার্শ্বসহ আরও দশজনের জীবনকে আনন্দময় করে তুলেছে। এই যে এমন এক অমূল্য স্মৃতি যার ফলে সংসারকে মরুভূমি বলে বোধ না হয়ে পারিজাত কানন বলে মনে হয়, এই বোধের সন্ধান সকলে পায় না—যে পায় সে ভাগ্যবান। এমন আনন্দময় মানুষের সংখ্যা যেখানে বেশি সেখান থেকে পঙ্কিলতা আপনা-আপনি দূরে পালায়। সেখানে প্রেম-পবিত্রতা সর্বদা বিরাজ করে।

০৪। নিচের প্রশ্নগুলো সংক্ষিপ্ত উত্তর দিন:-

৩×১০ = ৩০

ক) বাংলা সাহিত্যে চর্যাপদের গুরুত্ব আলোচনা করুন।

খ) বৈষ্ণব পদাবলিগুলোর বিষয়বস্তু ও রচনাকৌশলে সম্পর্কে ধারণা দিন।

গ) মাইকেল মধুসূদন দত্তের সনেটের বৈশিষ্ট্য চিহ্নিত করুন।

ঘ) 'বিষাদ-সিন্ধু'র ঐতিহাসিকতা সম্পর্কে আলোকপাত করুন।

ঙ) রবীন্দ্রনাথ ঠাকুরের তিনটি রূপক-সাংকেতিক নাটকের নাম লিখুন।

চ) কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতায় মিথের ব্যবহার প্রসঙ্গে আলোকপাত করুন।

ছ) রোকেয়া সাখাওয়াত হোসেনের কর্ম ও রচনা বৈশিষ্ট্য নির্ধারণ করুন।

জ) 'পথের পাঁচালী' উপন্যাসের 'বল্লালী বালাই' অংশটির নামকরণের তাৎপর্য লিখুন।

ঝ) জসীম উদ্দীনের একটি কাহিনিকাব্যের বৈশিষ্ট্য লিখুন।

এ) ঔপন্যাসিক সৈয়দ ওয়ালীউল্লাহর বিশিষ্টতা নির্দেশ করুন।

বিষয় কোড: ০০২

০১। বাংলায় অনুবাদ করুন:

১৫

Blue economy means extraction of the resources of sea for the growth of an economy. Bangladesh has settled maritime boundary disputes with Myanmar in 2012 and with India in 2014 through an arbitral method. It is estimated that Bangladesh has acquired 118,813 square kilometers of the Bay of Bengal. It is estimated that the resources from the sea of Bangladesh constitute 81 per cent of the resources existing in its land territory. Within the jurisdiction of Bangladesh, the sea is endowed with immense and precious natural resources, living and non-living. Besides fish and other living animals, Bangladesh could also have gas fields as it is reported that Myanmar has discovered a large gas field on its area of the sea. We need to preserve the ecosystems of the seas which are reportedly being degraded at an unprecedented rate, and this is not an issue only for Bangladesh. It should be addressed in cooperation with other countries.

০২। বাঙালির স্বাধীনতা আন্দোলনে ঊনসত্তরের গণঅভ্যুত্থানের গুরুত্ব সম্পর্কে ছাত্র ও শিক্ষকের মধ্যে একটি কাল্পনিক
কথোপকথন বা সংলাপ রচনা করুন।

১৫

০৩। (ক) বাল্যবিবাহের কুফল এবং বাল্যবিবাহ রোধে করণীয় সম্পর্কে নির্দেশনা সহ দৈনিক সংবাদপত্রে প্রকাশের উপযোগী
একটি প্রতিবেদন প্রস্তুত করুন।

১৫

অথবা,

(খ) পেশাগত জীবনে সাফল্য অর্জনের লক্ষ্যে বাংলা ভাষার পাশাপাশি অন্য আরেকটি ভাষাতেও সমান দক্ষতা অর্জনের
প্রয়োজনীয়তা সম্পর্কে ধারণা দিয়ে ছোট বোনকে একটি পত্র লিখুন।

০৪। মুক্তিযুদ্ধের ইতিহাস-বিষয়ক যে কোন একটি গ্রন্থের সমালোচনা লিখুন।

১৫

০৫। যে কোন একটি বিষয়ে প্রবন্ধ লিখুন:

৪০

ক) মরিতে চাই না আমি সুন্দর ভুবনে

খ) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য্য ও পর্যটনস্থান

গ) সংক্রামক রোগ ও জনসচেতনতা

ঘ) বৃদ্ধাশ্রম